

🗏 আন-নিসা | An-Nisa | ٱلنِّسَاء

আয়াতঃ ৪:১৩৩

া আরবি মূল আয়াত:

إِن يَّشَا يُذهِبِكُم اَيُّهَا النَّاسُ وَ يَاتِ بِأَخَرِينَ اَ وَ كَانَ اللَّهُ عَلَى ذَلِكَ قَدِيرًا ﴿١٣٣﴾

হে মানুষ, যদি আল্লাহ চান তোমাদেরকে সরিয়ে দেবেন এবং অপরকে আনবেন। আর আল্লাহ এর উপর সক্ষম।
— আল-বায়ান

তিনি ইচ্ছে করলে হে মানুষ! তোমাদেরকে বিলুপ্ত ক'রে তিনি অন্য সম্প্রদায়কে আনতে পারেন, আল্লাহ তা করতে পুরোপুরি সক্ষম। — তাইসিরুল

হে লোক সকল! যদি তিনি ইচ্ছা করেন তাহলে তোমাদেরকে বিলুপ্ত করে অন্যদেরকে আনয়ন করতে পারেন এবং আল্লাহ এ ব্যাপারে শক্তিমান। — মুজিবুর রহমান

If He wills, He can do away with you, O people, and bring others [in your place]. And ever is Allah competent to do that. — Sahih International

১৩৩. হে মানুষ! তিনি ইচ্ছে করলে তোমাদেরকে অপসারিত করতে ও অপরকে আনতে পারেন(১); আর আল্লাহ তা করতে সম্পূর্ণ সক্ষম।

(১) এ আয়াতে বলা হয়েছে যে, তিনি আল্লাহ ইচ্ছা করলে ওহী নাযিল হওয়ার সময়ে যারা ছিল তাদেরকে নিয়ে গিয়ে তাদের স্থলে অন্যদের অন্যদের স্থলাভিষিক্ত করতে পারেন। অন্য আয়াতে তিনি যে অন্য কাউকে এনে প্রতিষ্ঠিত করতে পারেন সেটার প্রমাণও উল্লেখ করা হয়েছে। বলা হয়েছে, "তিনি ইচ্ছে করলে তোমাদেরকে অপসারিত করতে এবং তোমাদের পরে যাকে ইচ্ছে তোমাদের স্থানে আনতে পারেন, যেমন তোমাদেরকে তিনি অন্য এক সম্প্রদায়ের বংশ থেকে সৃষ্টি করেছেন।" [সূরা আল-আনআমঃ ১৩৩]

অন্য আয়াতে এটাও বলা হয়েছে যে, যাদেরকে তাদের স্থলাভিষিক্ত করা হবে, তারা তাদের মতো হবে না, বরং তাদের চেয়ে ভালো হবে। বলা হয়েছে, "আর যদি তোমরা বিমুখ হও, তবে তিনি অন্য জাতিকে তোমাদের স্থলবর্তী করবেন; তারপর তারা তোমাদের মত হবে না [সূরা মুহাম্মাদ: ৩৮] অন্য আয়াতে এ কাজটিকে তাঁর জন্য অত্যন্ত সহজ বলে ঘোষণাও করেছেন। তিনি বলেন, "তিনি ইচ্ছে করলে তোমাদেরকে অপসৃত করতে পারেন এবং এক নৃতন সৃষ্টি নিয়ে আসতে পারেন। আর এটা আল্লাহর পক্ষে কঠিন নয়।" [সূরা ইবরাহীম ১৯; সূরা ফাতির: ১৬]।



তাফসীরে জাকারিয়া

(১৩৩) হে মানব সম্প্রদায়! তিনি ইছা করলে তোমাদেরকে অপসারিত করতে ও অপর (জাতি)কে আনয়ন করতে পারেন এবং আল্লাহ তা করতে সম্পূর্ণ সক্ষম। [1]

[1] এ হল আল্লাহ তাআলার পূর্ণ পরাক্রমশালিতার বিকাশ। অন্যত্র বলেছেন, وُإِنْ تَتَوَلَّوْا يَسْتَبُدِلْ قَوْمًا غَيْرَكُمْ ثُمَّ مُرَكُمْ وَاللهِ (38) (محمد: 38) অর্থাৎ, যদি তোমরা বিমুখ হও তাহলে তিনি অন্য জাতিকে তোমাদের স্থলবর্তী করবেন; অতঃপর তারা তোমাদের মত হবে না।" (সূরা মুহাম্মাদঃ ৩৮)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=626

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন